## 106467 - তার পেটে আলসার হয়েছে এবং চিকিৎসকরা তাকে রোযা না রাখার পরামর্শ দিয়েছেন

### প্রশ্ন

জনৈক ব্যক্তি আট বছর ধরে পেটের আলসারে আক্রান্ত। এখনও তার চিকিৎসা চলমান। রোগ বেড়ে যাওয়ার আশংকা থেকে ডাক্তাররা তাকে রোযা না রাখার পরামর্শ দিয়েছেন। এমতাবস্থায় রোযা না-রাখা কি তার জন্য জায়েয হবে?

### প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

সে ব্যক্তি রোযা না-রাখতে পারেন। যদি তার সুস্থ হওয়ার আশা থাকে; তাহলে তিনি সুস্থ হওয়ার পর রোযাগুলোর কাযা পালন করা তার উপর আবশ্যক হবে। আর যদি এর বিপরীত হয় এবং ঐ রোগ থেকে সুস্থ হওয়ার সম্ভাবনা না থাকে তাহলে সে ব্যক্তি রমযানের প্রতিদিনের বদলে একজন মিসকীনকে খাদ্য খাওয়াবেন।[সমাপ্ত]

[ফাতাওয়াস শাইখ মুহাম্মদ বিন ইব্রাহিম (রহঃ) (৪/১৮০)]